গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-৫ শাখা
www.mopa.gov.bd

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটাভুক্ত এ, বি এবং সি শ্রেণির বাসা বরাদ্দ কমিটির**
**গত ১৬ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নবীরুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ১৬ মার্চ ২০২৩ তারিখ (বৃহস্পতিবার) সকাল ১০.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয় এর অফিস কক্ষ (ভবন নং- ৩, কক্ষ-১০২, ২য় তলা, বাংলাদেশ সচিবালয়)। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | | (১) জনাব মোঃ মাসুদুল হাসান, যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়।<br>(২) জনাব সায়লা ফারজানা, যুগ্মসচিব (মাঠ প্রশাসন/অভ্যন্তরীণ নিয়োগ ও নব নিয়োগ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।<br>(৩) জনাব শেখ মোমেনা মনি, যুগ্মসচিব, সংগঠন ও ব্যবস্থাপনা-২ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।<br>(৪) জনাব আহমেদ ফয়সাল ইমাম, পরিচালক (নৌ), যুগ্মসচিব, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।<br>(৫) জনাব মোঃ আবদুর রউফ মিয়া, যুগ্মসচিব, (সচিবালয় ও কল্যাণ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়।<br>(৬) জনাব মুহাম্মদ নজরুল ইসলাম, অতিরিক্ত পরিচালক (উপসচিব), সরকারি আবাসন পরিদপ্তর।<br>(৭) মোঃ মিজানূর রহমান, সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৫ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আনুষ্ঠানিকভাবে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি তাঁর স্বাগত বক্তব্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটাভুক্ত এ, বি ও সি শ্রেণির বাসা বরাদ্দের প্রেক্ষাপট ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে কর্মচারিদের অনুকূলে ইতঃপূর্বে বরাদ্দকৃত বেশ কিছু বাসার বিদ্যমান ভৌত অবস্থা, বরাদ্দ প্রাপকের অবস্থান ও উদ্দেশ্য বহির্ভূত ব্যবহারের বিষয়ে বিভিন্ন সময়ে মৌখিক অভিযোগ-অনুযোগ পাওয়া যায়। অপরদিকে বর্তমানে কর্মরত অনেক কর্মচারি আবাসিক সংকটে আছেন এবং এর ফলে অফিস কর্ম সম্পাদনে পরিপূর্ণ মনোনিবেশে বিঘ্ন সৃষ্টি হচ্ছে জানিয়ে তারা কোটাভুক্ত সরকারি বাসা বরাদ্দ প্রাপ্তির জন্যও দীর্ঘদিন যাবত মৌখিক অনুরোধ জানিয়ে আসছিলেন।

বর্ণিত প্রেক্ষাপটে, জোন-ভিত্তিক পরিদর্শন টিম গঠনের মাধ্যমে সরেজমিনে পরিদর্শন-পূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটাভুক্ত এ, বি ও সি শ্রেণির বাসাসমূহের হালনাগাদ তথ্যাদি সংগ্রহ করে উক্ত বাসাসমূহের যথাযথ ব্যবস্থাপনার উদ্যোগ গ্রহণ করা হয়। তারই ধারাবাহিকতায়, বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ-পূর্বক বাসা বরাদ্দ প্রদান এবং বরাদ্দ বাতিল সংক্রান্ত আবেদসমূহ নিষ্পত্তিকরণের নিমিত্ত অদ্যকার সভা আহ্বান করা হয়েছে। অতঃপর সভাপতি কমিটির সদস্য সচিব জনাব মোঃ মিজানূর রহমান, সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৫ শাখা-কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ জানান।

২। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ মিজানূর রহমান, সিনিয়র সহকারী সচিব 'বাংলাদেশ বরাদ্দ বিধিমালা ১৯৮২' ও এ সংক্রান্ত আনুষঙ্গিক বিধিবিধান এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটাভুক্ত এ, বি ও সি শ্রেণির বাসাসমূহের বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটাভুক্ত এ, বি ও সি শ্রেণির বাসাসমূহের বর্তমান অবস্থা সম্বলিত হালনাগাদ তথ্যাদি সংগ্রহের লক্ষ্যে অত্র মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের তত্ত্বাবধানে এলাকা/জোন-ভিত্তিক ০৫টি পরিদর্শন টিম গঠন করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাভুক্ত সকল বাসা সরেজমিনে পরিদর্শন-পূর্বক টিমসমূহ তাদের দায়িত্বপ্রাপ্ত স্ব স্ব জোনের পরিদর্শন প্রতিবেদন দাখিল করে। দাখিলকৃত প্রতিবেদনমূহ পর্যালোচনায় দেখা যায় যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটাভুক্ত মোট ৪৫২ টি বাসার মধ্যে ৪০টি বাসা ভাঙ্গা পড়েছে এবং নতুন সংযোজন হয়েছে ২১টি। ফলে বসবাস উপযোগী এ, বি ও সি শ্রেণির মোট বাসার সংখ্যা বর্তমানে ৪৩৩টি। এ পর্যায়ে বাসার শ্রেণি ভিত্তিক প্রাধিকার এবং সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী জোন-ভিত্তিক বাসার পরিসংখ্যান এবং খালী/বরাদ্দযোগ্য বাসার তালিকা নিয়ে উপস্থাপন করা হ'ল।

### ছক-১: বাসার শ্রেণি ভিত্তিক প্রাধিকার

| ক্রম | বাসার শ্রেণি | প্রাধিকার | |
|---|---|---|---|
| | | বেতন গ্রেড | সর্বনিম্ন মূল বেতন |
| ১. | এ-শ্রেণি | গ্রেড-১৮, ১৯ এবং ২০ | ৮২৫০-/ |
| ২. | বি-শ্রেণি | গ্রেড-১৬,১৭ এবং ১৮ | ১১২৫০-/ |
| ৩. | সি-২ শ্রেণি | গ্রেড-১৪, ১৫ এবং ১৬ | ১১৮৯০-/ |
| ৪. | সি-১ শ্রেণি | গ্রেড-১২, ১৩ এবং ১৪ | ১৩০৫০-/ |

### ছক-২: এলাকা ভিত্তিক বাসার পরিসংখ্যান

| ক্র:নং | এলাকা/জোনের নাম | জোন ভিত্তিক বাসার সংখ্যা | ভাঙ্গা পড়েছে | সংযুক্ত হয়েছে | মোট বাসা |
|---|---|---|---|---|---|
| ১. | জোন-ক: মিরপুর এলাকা | ৮৭ টি | ২৭ টি | ০৮ টি | ৬৮ টি |
| ২. | জোন-খ: আগারগাঁও এলাকা | ৪৬ টি | - | ০৬ টি | ৫২ টি |
| ৩. | জোন-গ: গ্রীনরোড, ঝিগাতলা ও রায়ের বাজার এলাকা | ৮৯ টি | - | ০১ টি | ৯০ টি |
| ৪. | জোন-ঘ: আজিমপুর এলাকা | ৯৬ টি | ১৩টি | - | ৮৩ টি |
| ৫. | জোন-ঙ: মতিঝিল, খিলগাঁও এলাকা | ১৩৪ টি | - | ০৬ টি | ১৪০ টি |
| | মোট | **৪৫২ টি** | **৪০টি** | **২১টি** | **৪৩৩ টি** |

### ছক-৩: এলাকা ভিত্তিক খালী/বরাদ্দযোগ্য বাসার পরিসংখ্যান

| ক্রম | এলাকা/জোনের নাম | কলোনীর নাম | এ-শ্রেণি | বি-শ্রেণি | সি-১ শ্রেণি | সি-২ শ্রেণি | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | জোন-ক: মিরপুর এলাকা | পাইকপাড়া সরকারি স্টাফ কোয়ার্টার | ০৫ | - | - | - | ০৫ |
| | | ওয়াক-আপ কলোনী | ১১ | ১১ | - | - | ২২ |
| ২. | জোন-খ: আগারগাঁও | শতদল কমপ্লেক্স | - | - | - | ০৯ | ০৯ |
| | | কল্লোল কমপ্লেক্স | - | - | - | ০২ | ০২ |
| | | হিন্দোল কমপ্লেক্স | - | - | - | ০১ | ০১ |
| | | শেরেবাংলা নগর স্টাফ কোয়ার্টার | - | ০৫ | - | - | ০৫ |
| ৩. | জোন-গ: গ্রীনরোড, ঝিগাতলা ও রায়ের বাজার এলাকা | গ্রীনরোড সরকারি স্টাফ কোয়ার্টার | - | ০৪ | - | - | ০৪ |
| | | ঝিগাতলা সরকারি স্টাফ কোয়ার্টার | - | ০৩ | - | - | ০৩ |
| | | রায়েরবাজার সরকারি স্টাফ কোয়ার্টার | - | ০৫ | - | - | ০৫ |
| ৪. | জোন-ঙ: মতিঝিল, খিলগাঁও | মতিঝিল সরকারি স্টাফ কোয়ার্টার | - | ০২ | ০১ | - | ০৩ |
| | | খিলগাঁও সরকারি স্টাফ কোয়ার্টার | ০৪ | - | - | - | ০৪ |
| | | **খালী ও বরাদ্দযোগ্য বাসার মোট সংখ্যা** | **২০** | **৩০** | **০১** | **১২** | **৬৩** |

৩। সরেজমিনে পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত উল্লিখিত তথ্যাদি পর্যালোচনা করে পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)-এর সভাপতিত্বে এবং পরিদর্শন টিমসমূহের সকল সদস্যের উপস্থিতিতে গত ০৪ জুলাই ২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক খালী/বরাদ্দযোগ্য ৬৩টি বাসার এলাকা, ভবনের নাম ও নম্বর এবং ফ্লাট নম্বর এবং প্রাধিকার উল্লেখ করে গ্রেড ও মূল বেতনের ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী বাসা বরাদ্দ প্রত্যাশী কর্মচারীগণের নিকট থেকে দরখাস্ত আহবান করে গত ১১ আগস্ট ২০২২ তারিখে এ মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনের ক্যাটেগরি ভিত্তিক সংখ্যা নিম্নরূপ:

| ক্রম | আবেদনের ক্যাটেগরি | আবেদনের সংখ্যা |
|---|---|---|
| ১. | বরাদ্দ গ্রহীতা কর্তৃক বাসা বরাদ্দ বাতিলকরণের আবেদন সংখ্যা- | ০৪ |
| ২. | বরাদ্দের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় বসবাসের মেয়াদ বৃদ্ধির আবেদন সংখ্যা | ০৬ |
| ৩. | প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত খালী এবং বরাদ্দযোগ্য ৬৩টি বাসার মধ্যে ৩১টি বাসার বিপরীতে প্রাপ্ত আবেদন সংখ্যা - | ৮০ |
| ৪. | বাসা নম্বর ছাড়া বাসা বরাদ্দ প্রাপ্তির আবেদন সংখ্যা | ০৫ |
| ৫. | জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটাভুক্ত বাসার প্রাধিকারভুক্ত নয় এরূপ কর্মচারিদের দাখিলকৃত আবেদন সংখ্যা | ১১ |
| ৬. | বিজ্ঞপ্তি বহির্ভুত ভিন্ন বাসার আবেদন | ১৫ |
| ৭. | ডুপ্লিকেশন ও ত্রুটিপূর্ণ বাতিলযোগ্য আবেদন সংখ্যা | ৪৭ |
| | মোট আবেদন সংখ্যা | **১৬৮** |

উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর ছকে উল্লিখিত আবেদনসমূহ নিষ্পত্তির লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাসা বরাদ্দ কমিটির ১ম

৪। সভা গত ২২ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিদ্যমান বিধি-বিধান এবং প্রাপ্ত আবেদনসমূহ প্রাথমিকভাবে পর্যালোচনা করা হলেও চূড়ান্ত নিষ্পত্তির বিষয়ে সুপারিশ/সিদ্ধান্ত গ্রহণ সমাপ্ত না হওয়ায় সভাটি মুলতবি রাখা হয়। মুলতবি সভাটি ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয় এবং কিছু বিষয়ে অধিকতর যাচাই বাছাই করার জন্য সদস্য সচিব সময় চাইলে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন ও সভাটি পুনরায় মূলতবি রাখা হয়। অতঃপর ১৬-০৩-২০২৩ খ্রি. তারিখে মূলতবি সভাটি অনুষ্ঠিত হয়।

৫। এ পর্যায়ে প্রাপ্ত আবেদনসমূহ নিষ্পত্তির লক্ষ্যে আলোচনার পর্যায়ক্রম সম্পর্কে সভাপতি উপস্থিত সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করলে নিম্নরূপ ধারাবাহিকতা ও পদ্ধতি অনুসরণের বিষয়ে উপস্থিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন:

(৫.১) সর্বাগ্রে বাসা বরাদ্দ বাতিল ও বসবাসের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আবেদনসমূহ নিষ্পত্তিকরণ;

(৫.২) বরাদ্দ প্রাপ্তির আবেদনসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে-

(খ-১) বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক প্রথমে প্রাপ্যতা ও যোগ্যতা অর্জনকারী আবেদনকারীদের মধ্যে চাকরিকাল হিসাবে জ্যেষ্ঠতা অনুযায়ী জ্যেষ্ঠ ব্যক্তিকে বাসা বরাদ্দ প্রদানের সুপারিশ করা;

(খ-২) সংশ্লিষ্ট শ্রেণির প্রাপ্যতা অনুসারে বরাদ্দের আবেদন না পাওয়া গেলে এবং প্রাপ্যতা/প্রাধিকারের তুলনায় একত্রে উচ্চগ্রেডের ও নিম্নগ্রেডের একাধিক কর্মচারি আবেদন করলে সরকারের রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে উচ্চগ্রেডভুক্ত আবেদনকারীদের মধ্য থেকে চাকরিকাল হিসাবে জ্যেষ্ঠতা অনুযায়ী বরাদ্দ প্রদানের সুপারিশ করা;

(খ-৩) বাসার প্রাপ্যতা/প্রাধিকারের তুলনায় কেবলমাত্র নিম্নগ্রেডভুক্ত কর্মচারিরা উচ্চ গ্রেডের বাসার জন্য আবেদন করলে চাকরিকাল হিসাবে জ্যেষ্ঠতা অনুযায়ী জ্যেষ্ঠ ব্যক্তিকে উচ্চতর গ্রেডের সর্বনিম্ন ধাপের বেতন স্কেলে ভাড়া কর্তনের শর্তে বরাদ্দ প্রদানের সুপারিশ করা;

(৫.৩) উক্তরূপ সুপারিশের পর যে বাসা গুলি খালী থাকবে সেগুলি বাসার নম্বর উল্লেখ করেনি এরূপ আবেদনকারীদের এবং নির্দিষ্ট বাসার আবেদনকারী কিন্তু জ্যেষ্ঠতা অনুযায়ী সে বাসাটি পায়নি সেসকল আবেদনকারীদের মধ্যে চাকরিকাল হিসাবে জ্যেষ্ঠতা অনুযায়ী বরাদ্দ প্রদানের সুপারিশ করা।

৬। আলোচনা ও সিদ্ধান্ত/সুপারিশ: বাসা সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান ও প্রাপ্ত আবেদনসমূহের বিষয়ে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

**৬.১. বাসা বরাদ্দ বাতিল সংক্রান্ত আবেদন:**

| ক্রম | বাসা নম্বর, শ্রেণি ও এলাকা | আবেদনকারীর নাম, পদবী ও কর্মস্থল | আলোচনা | **সুপারিশ** |
|---|---|---|---|---|
| ১. | বাসা নং-৭৫/৮ (এ- শ্রেণি), পাইকপাড়া (আনসার ক্যাম্প) সরকারি স্টাফ কোয়ার্টার, মিরপুর-১, ঢাকা | জনাব আশিকুর রহমান, অফিস সহায়ক, প্রশাসন-২ শাখা | তিনি পারিবারিক সমস্যা উল্লেখ করে বাসাটির বরাদ্দ বাতিলের আবেদন করেছেন। আবেদনটি পর্যালোচনা করে তার বাসা বরাদ্দ বাতিল করার বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | |
| ২. | বাসা নং-শতদল খ/১০৬ (সি-২ শ্রেণি) আগারগাঁও তালতলা সরকারি স্টাফ কোয়ার্টার ঢাকা | বেগম রাবেয়া আক্তার সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | তিনি স্বেচ্ছায় বাসাটির বরাদ্দ বাতিলের আবেদন করেছেন। আবেদনটি পর্যালোচনা করা হয় এবং তার বাসা বরাদ্দ বাতিল করার বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | বর্ণিত ৪জন আবেদনকারীর বাসা বরাদ্দ বাতিলের জন্য সবর্সম্মতিক্রমে সুপারিশ/সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩. | বাসা নং-০৪/কে (বি-শ্রেণি) ঝিগাতলা সরকারি স্টাফ কোয়ার্টার, ঢাকা | সুমন সেন, ক্লিনার, সরকারি যানবাহন অধিদপ্তর | অনেক পুরানো, জরাজীর্ণ ও ঝুকিপূর্ণ উল্লেখ করে তিনি বাসাটির বরাদ্দ বাতিলের আবেদন করেছেন। আবেদনটি পর্যালোচনাপূর্বক তার বাসা বরাদ্দ বাতিল করার বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | |
| ৪. | বাসা নং-০৭/৩২ (এ- শ্রেণি), খিলগাঁও সরকারি স্টাফ কোয়ার্টার, ঢাকা | জনাব স্বপন চন্দ্র মৃধা, ক্লিনার, সরকারি যানবাহন অধিদপ্তর | ব্যক্তিগত ও পারিবারিক সমস্যা উল্লেখ করে তিনি বাসাটির বরাদ্দ বাতিলের আবেদন করেছেন। আবেদন মোতাবেক বাসা বরাদ্দ বাতিল করার বিষয়ে আলোচনা হয়। | |

| ৬.২ বরাদ্দের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আবেদনঃ | | | | |
|---|---|---|---|---|
| **ক্রম** | **বাসা নম্বর, শ্রেণি ও এলাকা** | **আবেদনকারীর নাম, পদবী ও কর্মস্থল** | **আলোচনা** | **সুপারিশ** |
| ১. | ২২/১১ (এ-শ্রেণি) পাইকপাড়া সরকারি স্টাফ কোয়ার্টার, ঢাকা | বেগম আফরোজা আখতার, স্বামী: মৃত আলী আকবর, সাবেক, গাড়িচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা | আবেদনকারী মৃত কর্মচারী জনাব আলী আকবর-এর স্ত্রী। উক্ত কর্মচারি গত ২৪/০৬/২০২২ তারিখে মৃত্যুবরণ করেন। আবেদনকারী বাসাটির বরাদ্দ ২(দুই) বছর মেয়াদ বৃদ্ধির আবেদন করেছেন। মৃত কর্মচারীর সন্তান না থাকায় বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি (১৫) অনুযায়ী মেয়াদ বৃদ্ধির সুযোগ নেই। বিধায় আবেদনকারীর বসবাসের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আবেদন বিবেচনাযোগ্য নয়। | মৃত কর্মচারীর সন্তান না থাকায় বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি (১৫) অনুযায়ী বসবাসের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আবেদন বিবেচনাযোগ্য নয় মর্মে সুপারিশ/সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে অতিরিক্ত বসবাসকৃত সময়ে স্ট্যান্ডার্ড রেটে ভাড়া কর্তনের জন্য সুপারিশ করা হয়। |
| ২. | বি-১৬/সি-৭ (সি-১ শ্রেণি), রংধনু কমপ্লেক্স, আগারগাঁও তালতলা সরকারি স্টাফ কোয়ার্টার, ঢাকা | বেগম নাসরিন সুলতানা স্বামী: মরহুম মোঃ তাজউদ্দীন, প্রাক্তন গাড়িচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা | আবেদনকারী মৃত কর্মচারী জনাব মোঃ তাজউদ্দীন-এর স্ত্রী। উক্ত কর্মচারি গত ২৮/০৫/২০২২ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুর পর ছেলে সন্তানদের লেখা-পড়ার সুবিধার্থে আবেদনকারী স্ত্রী ২ বছর বসবাসের মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেছেন। বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ বিধি (১৫) অনুযায়ী মৃত্যুর পরদিন ২৯/০৫/২০২২ থেকে ২৮/০৫/২০২৪ পর্যন্ত ০২ (দুই) বছর পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা যায় মর্মে মতামত ব্যক্ত করা হয়। | মৃত কর্মচারী জনাব মোঃ তাজউদ্দীনএর- অনুকূলে ইতোপূর্বে বরাদ্দকৃত বর্ণিত বাসাটি তার মৃত্যুর পরদিন অর্থাৎ ২৯/০৫/২০২২ তারিখ থেকে ২৮/০৫/২০২৪ পর্যন্ত ০২ বছর পর্যন্ত বসবাসের মেয়াদ বৃদ্ধির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩. | ৬/জি (বি-শ্রেণি), গ্রীণরোড সরকারি স্টাফ কোয়ার্টার, ঢাকা | মোঃ আব্দুর রহিম (৩) গাড়িচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা | তিনি ০১/০১/২০২১ তারিখে পিআরএল-এ গমণ করেন। অবসরের পর সন্তানের লেখাপড়ার সুবিধার্থে ১ম দফায় অবসরের তারিখ থেকে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত ০৬ মাস বরাদ্দের মেয়াদ বৃদ্ধি করা হয়, যা ইতঃমধ্যে উত্তীর্ণ হয়ে গেছে। তিনি ২য় দফায় বসবাসের মেয়াদ ০২ বছর বৃদ্ধির জন্য পুনরায় আবেদন করেছেন। বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি ১৫ এর ৩(২) অনুসারে মেয়াদ বৃদ্ধির সুযোগ নেই। উপরন্তু বসবাসের মেয়াদ শেষে যথাসময়ে বাসা হস্তান্তর না করায় বর্ধিত মেয়াদের অতিরিক্ত সময়ে বসবাসের জন্য স্ট্যান্ডার্ড রেটে ভাড়া কর্তন ও সরকারি কোষাগারে জমা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | বাসায় বসবাসের ২য় দফায় মেয়াদ বৃদ্ধির আবেদন বিবেচনাযোগ্য নয় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে অতিরিক্ত বসবাসকৃত সময়ে স্ট্যান্ডার্ড রেটে ভাড়া কর্তনের জন্য সুপারিশ করা হয়। |
| ৪. | ২৯/০১/এ (সি-১ শ্রেণি), আজিমপুর সরকারি স্টাফ কোয়ার্টার, ঢাকা | মোঃ ইদ্রিস আলী, গাড়িচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা | আবেদনকারীর পি.আর.এল ০৪/০৬/২০২১ তারিখ শেষ হয়েছে। লামগ্রান্ড ও পেনশন পেতে বিলম্ব হওয়ায় এবং স্ত্রীর অসুস্থতার কারণে বাসাটি সঠিক সময়ে হস্তান্তর করতে না পারায় তিনি ২২/০৬/২০২২ তারিখে ০১/০৮/২০২২ তারিখ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির আবেদন করেছেন। পি.আর.এল শেষে অননুমোদিত-ভাবে তিনি বাসায় বসবাস করছেন। ভূতাপেক্ষ অনুমোদনের সুযোগ না থাকায় তার মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আবেদন না-মঞ্জুর এবং ০৫/০৬/২০২১ তারিখ থেকে ০১/০৮/২০২২ তারিখ পর্যন্ত অননুমোদিত বসবাসের সময়ের স্ট্যান্ডার্ড রেটে ভাড়া কর্তনের বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | পি.আর.এল ০৪/০৬/২০২১ তারিখে শেষ হলেও যথাসময়ে বাসা হস্তান্তর না করায় বরাদ্দের মেয়াদ বৃদ্ধির আবেদন না-মঞ্জুরের এবং ০৫/০৬/২০২১ তারিখ থেকে ০১/০৮/২০২২ তারিখ পর্যন্ত অননুমোদিত বসবাসের সময়ের স্ট্যান্ডার্ড রেটে ভাড়া কর্তনের জন্য সুপারিশ করা হয়। |
| ৫. | ৩/আর (টপ) বি-শ্রেণি, গ্রীণরোড সরকারি স্টাফ কোয়ার্টার, ঢাকা | মোঃ ফারুক আহমেদ, গাড়িচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা | আবেদনকারীর পি.আর.এল ০৪/১১/২০২২ তারিখ শেষ হয়েছে। বসবাসের মেয়াদ ০৬ মাস বৃদ্ধির আবেদন করেছেন। বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি ১৫ এর ৩(২) অনুসারে সন্তানের লেখাপড়ার জন্য পি.আর.এল সমাপ্তির পরদিন ০৫/১১/২০২২ তারিখ থেকে ১৪/০৫/২০২৩ তারিখ পর্যন্ত ০৬ মাস বসবাসের মেয়াদ বৃদ্ধির বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | পি.আর.এল সমাপ্তির পরদিন ০৫/১১/২০২২ তারিখ থেকে ১৪/০৫/২০২৩ তারিখ পর্যন্ত ০৬ মাস বসবাসের মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৬. | ২০/০৬ (সি-১ শ্রেণি), গ্রীণরোড সরকারি স্টাফ কোয়ার্টার, ঢাকা | শরীফ মোঃ নুরুজ্জামান গাড়িচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা, সংযুক্তিতে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা দপ্তরে কর্মরত। | আবেদনকারীর পি.আর.এল ০৭/০২/২০২৩ তারিখ শেষ হয়েছে। স্ত্রীর চিকিৎসা ও সন্তানদের লেখাপড়ার সুবিধার্থে বরাদ্দের মেয়াদ **০৫ বছর বৃদ্ধির আবেদন** প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে অগ্রায়ন করা হয়েছে। বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর বিধি ১৫ এর ৩(২) অনুসারে সন্তানের লেখা-পড়ার জন্য পি.আর.এল সমাপ্তির পরদিন অর্থাৎ ০৮/০২/২০২৩ তারিখ হতে ০৭/০৮/২০২৩ তারিখ পর্যন্ত ০৬ মাস বরাদ্দের মেয়াদ বৃদ্ধির বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | পি.আর.এল সমাপ্তির পরদিন অর্থাৎ ০৮/০২/২০২৩ তারিখ হতে ০৭/০৮/২০২৩ তারিখ পর্যন্ত ০৬ মাস বরাদ্দের মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ৬.৩ প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত খালী এবং বরাদ্দযোগ্য ৬৩ টি বাসার মধ্যে ৩১টি বাসা বরাদ্দের জন্য প্রাপ্ত আবেদন: | | | | |
|---|---|---|---|---|
| ক্রম | আবেদনকৃত বাসার নম্বর, শ্রেণি ও এলাকা | **আবেদনকারী** | আলোচনা | **সিদ্ধান্ত/সুপারিশ** |
| ১. | ৭৪/০৯ (এ-শ্রেণি), পাইকপাড়া (ওয়াক-আপ কলোনী) সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৮, ১৯, ২০** | জনাব মোঃ শরিফুল ইসলাম, মেকানিক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা। | আবেদনকারী ০১ জন এবং তিনি ১৮তম গ্রেডভুক্ত। প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | জনাব মোঃ শরিফুল ইসলাম, মেকানিক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের জন্য সুপারিশ করা হ'ল। |
| ২. | ৩৩/০৩ (বি-শ্রেণি), পাইকপাড়া (ওয়াক-আপ কলোনী) সরকারি স্টাফ কোয়ার্টার, ঢাকা। স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | জনাব তাহমিদুর রহমান, ডেসপাচ রাইডার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা। | আবেদনকারী ০১ জন এবং তিনি ১৮তম গ্রেডভুক্ত। প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | জনাব তাহমিদুর রহমান, ডেসপাচ রাইডার, সরকারি যানবাহন অধিদপ্তর-এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ৩. | ৩৮/০৬ (বি-শ্রেণি), পাইকপাড়া (ওয়াক-আপ কলোনী) সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | জনাব তিমুর মকসুমুল করিম, ব্যক্তিগত কর্মকর্তা, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়। | বাসাটির প্রাধিকারের (গ্রেড ১৬, ১৭, ১৮) তুলনায় একমাত্র আবেদনকারী উচ্চগ্রেড সম্পন্ন অর্থাৎ ১০ম গ্রেডভুক্ত। প্রাধিকারভুক্ত না হলেও রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে আবেদন বিবেচনার করার বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | জনাব তিমুর মকসুমুল করিম, ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ৪. | ৩৯/০৫ (বি-শ্রেণি), পাইকপাড়া (ওয়াক-আপ কলোনী) সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | জনাব আশিকুর রহমান, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয়। | আবেদনকারী ০১ জন এবং তিনি ২০তম গ্রেডভুক্ত। বাসাটির প্রাধিকারের (গ্রেড ১৬, ১৭, ১৮) তুলনায় তিনি নিম্নগ্রেড সম্পন্ন। প্রাধিকারভুক্ত না হলেও রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে আবেদন বিবেচনার করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে বি-শ্রেণির বাসা প্রাপ্তির বেতন স্কেলের সর্বনিম্ন ধাপ বা সর্বনিম্ন মূল বেতন অনুয়ায়ী ভাড়া কর্তনের শর্তে বরাদ্দ প্রদান করা যায় মর্মে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | বাসাটি জনাব আশিকুর রহমান, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে আলোচনায় উল্লিখিত শর্তে বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ৫. | ৪৭/০৫ (বি-শ্রেণি), পাইকপাড়া (ওয়াক-আপ কলোনী) সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | মোছা: কাজল আফসানা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা | আবেদনকারী ০১ জন এবং তিনি ১৬তম গ্রেডভুক্ত। প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | মোছা: কাজল আফসানা, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সরকারি যানবাহন অধিদপ্তর-এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ৬. | ৩৩/০৬ (বি-শ্রেণি), পাইকপাড়া (ওয়াক-আপ কলোনী) সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | মোঃ নাদিম হোসেন মেকানিক, সরকারি যানবাহন মেরামত কারখানা | আবেদনকারী ০১ জন এবং তিনি ১৬তম গ্রেডভুক্ত। প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | জনাব মোঃ নাদিম হোসেন, মেকানিক, সরকারি যানবাহন মেরামত কারখানা, ঢাকা-এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ৭. | ৮০/০৩ (এ-শ্রেণি), পাইকপাড়া (ওয়াক-আপ কলোনী) সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৮, ১৯, ২০** | ০১ জন মোঃ মেহেদী হাসান অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সরকারি যানবাহন মেরামত কারখানা | আবেদনকারী ০১ জন এবং তিনি ১৬তম গ্রেডভুক্ত। বাসাটির প্রাধিকারের (গ্রেড-১৮, ১৯, ২০) তুলনায় তিনি উচ্চগ্রেড সম্পন্ন। প্রাধিকারভুক্ত না হলেও সরকারের রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে আবেদন বিবেচনার করার বিষয়ে আলোচনা হয়। | জনাব মোঃ মেহেদী হাসান, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সরকারি যানবাহন মেরামত কারখানা, ঢাকা এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ৮. | শতদল কমপ্লেক্স ভবনের খ/১০৬ (সি-২) শ্রেণি, আগারগাঁও তালতলা সরকারি স্টাফ কোয়ার্টার | ০১ জন মোঃ রায়হান উদ্দিন, গাড়িচালক, সরকারি | আবেদনকারী ০১ জন এবং তিনি ১৫তম গ্রেডভুক্ত। প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | জনাব মোঃ রায়হান উদ্দিন, গাড়িচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে |

| ৬.৩ প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত খালী এবং বরাদ্দযোগ্য ৬৩ টি বাসার মধ্যে ৩১টি বাসা বরাদ্দের জন্য প্রাপ্ত আবেদন: | | | | |
|---|---|---|---|---|
| ক্রম | আবেদনকৃত বাসার নম্বর, শ্রেণি ও এলাকা | **আবেদনকারী** | আলোচনা | **সিদ্ধান্ত/সুপারিশ** |
| | **প্রাধিকার: গ্রেড ১৪, ১৫, ১৬** | যানবাহন অধিদপ্তর, ঢাকা। | | বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ৯. | শতদল কমপ্লেক্স ভবনের খ/৩০৬ (সি-২) শ্রেণি, আগারগাঁও তালতলা সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৪, ১৫, ১৬** | ০৩ জন ১৩ গ্রেডের ০১ জন, ১৮ গ্রেডের ০১ জন ও ২০ গ্রেডের ০১ জন | প্রাধিকার অনুসারে কোন আবেদন পাওয়া যায়নি। সরকারের রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে ৩টি আবেদনের মধ্যে উচ্চ গ্রেড অর্থাৎ ১৩তম গ্রেডভুক্ত আবেদনকারীর আবেদন বিবেচনার করার বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | ১৩তম গ্রেডভুক্ত বেগম তাহমিনা আকতার, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ১০. | শতদল কমপ্লেক্স ভবনের গ/১০১ (সি-২) শ্রেণি, আগারগাঁও তালতলা সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৪, ১৫, ১৬** | ০১ জন মোঃ নাহিদুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জনপ্রশাসন মন্ত্রণালয়। | আবেদনকারী ০১ জন এবং তিনি ১৬তম গ্রেডভুক্ত। প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | জনাব মোঃ নাহিদুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ১১. | শতদল কমপ্লেক্স ভবনের গ/২০২ (সি-২) শ্রেণি, আগারগাঁও তালতলা সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৪, ১৫, ১৬** | ০৩ জন ১৩ গ্রেডের ০১ জন, ১৬ গ্রেডের ০১ জন ও ২০ গ্রেডের ০১ জন | আবেদনকারী ০৩ জনের মধ্যে কেবলমাত্র ১৬তম গ্রেডভুক্ত আবেদনকারী লাকী আক্তার, অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | লাকী আক্তার, সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ১২. | শতদল কমপ্লেক্স ভবনের চ/৫০৩ (সি-২) শ্রেণি, আগারগাঁও তালতলা সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৪, ১৫, ১৬** | ০১ জন মোঃ মিলন উদ্দিন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জনপ্রশাসন মন্ত্রণালয়। | আবেদনকারী ০১ জন এবং তিনি ১৬তম গ্রেডভুক্ত। প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | জনাব মোঃ মিলন উদ্দিন, অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ১৩. | শতদল কমপ্লেক্স ভবনের চ/৬০১ (সি-২) শ্রেণি, আগারগাঁও তালতলা সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৪, ১৫, ১৬** | ০১ জন মোঃ রিয়াদ হাসান, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয়। | আবেদনকারী ০১ জন এবং তিনি ২০তম গ্রেডভুক্ত। বাসার প্রাধিকারের(গ্রেড ১৪, ১৫, ১৬) তুলনায় তিনি নিম্নগ্রেড সম্পন্ন। প্রাধিকারভুক্ত না হলেও রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে আবেদন বিবেচনার করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে সি-২-শ্রেণির বাসা প্রাপ্তির বেতন স্কেলের সর্বনিম্ন ধাপ বা সর্বনিম্ন মূল বেতন অনুয়ায়ী ভাড়া কর্তনের শর্তে বরাদ্দ প্রদান করা যায় মর্মে সুপারিশ করা হয়। | জনাব মোঃ রিয়াদ হাসান, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে আলোচনায় উল্লিখিত শর্তে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ১৪. | কল্লোল কমপ্লেক্স ভবনের ক/২০২ (সি-২) শ্রেণি, আগারগাঁও তালতলা সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৪, ১৫, ১৬** | ০২ জন ২ জনই ২০ গ্রেডভুক্ত এবং যোগদানের তারিখ একই। | আবেদনকারী ০২ জনই ২০তম গ্রেডভুক্ত এবং যোগদানের তারিখ একই । বাসার প্রাধিকারের (গ্রেড ১৪, ১৫, ১৬) তুলনায় তারা নিম্নগ্রেড সম্পন্ন। প্রাধিকারভুক্ত না হলেও রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠ আবেদনকারী মোঃ আব্দুর রাজ্জাক, অফিস সহায়ক এর আবেদন বিবেচনার করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে সি-২-শ্রেণির বাসা প্রাপ্তির বেতন স্কেলের সর্বনিম্ন ধাপ বা সর্বনিম্ন মূল বেতন অনুয়ায়ী ভাড়া কর্তনের শর্তে বরাদ্দ প্রদান করা যায় মর্মে সুপারিশ করা হয়। | জনাব মোঃ আব্দুর রাজ্জাক, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে আলোচনায় উল্লিখিত শর্তে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ১৫. | কল্লোল কমপ্লেক্স ভবনের ঙ/২০৬ (সি-২) শ্রেণি, আগারগাঁও তালতলা সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৪, ১৫, ১৬** | ০২ জন ১১তম গ্রেডের ০১ জন ১৮তম গ্রেডের ০১ জন | প্রাধিকার অনুসারে কোন আবেদন পাওয়া যায়নি। সরকারের রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে ২টি আবেদনের মধ্যে উচ্চ গ্রেড অর্থাৎ ১১তম গ্রেডভুক্ত আবেদনকারীর মোঃ আব্দুল মোমিন ফার্মাসিস্ট, সরকারি কর্মচারী হাসপাতাল-এর আবেদন বিবেচনার করার বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | জনাব মোঃ আব্দুল মোমিন ফার্মাসিস্ট, সরকারি কর্মচারী হাসপাতাল-এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |

| ৬.৩ প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত খালী এবং বরাদ্দযোগ্য ৬৩ টি বাসার মধ্যে ৩১টি বাসা বরাদ্দের জন্য প্রাপ্ত আবেদন: | | | | |
|---|---|---|---|---|
| ক্রম | আবেদনকৃত বাসার নম্বর, শ্রেণি ও এলাকা | **আবেদনকারী** | আলোচনা | **সিদ্ধান্ত/সুপারিশ** |
| ১৬. | ০৯/আর (বি-শ্রেণি), গ্রীণরোড সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | ০১ জন লুবনা ইয়াসমীন কম্পিউটার অপারেটর, জনপ্রশাসন মন্ত্রণালয় | ০৯/আর বাসাটিতে সহিদুল্লা আখন্দ, গাড়িচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা- বসবাস করছেন। জনাব সহিদুল্লা আখন্দ এর অনুকূলে একই কলোনীর ২/বি (বি-শ্রেণি) বাসা বরাদ্দ প্রদান করা হয়। বাসা নিয়ে মামল চলমান থাকায় বর্তমান বরাদ্দ প্রাপক সহিদুল্লা আখন্দ উক্ত বাসায় উঠতে পারেন নি। | (ক) জনাব সহিদুল্লা আখন্দ এখনও ০৯/আর (বি-শ্রেণি), গ্রীণরোড সরকারি স্টাফ কোয়ার্টার, ঢাকা বাসায় বসবাস করছেন। বিধায় উক্ত বাসাটি আবেদনকারীর অনুকূলে বরাদ্দ প্রদান সমীচীন হবে না।<br>(খ) সরকারপক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ১৭. | ১০/আর (বি-শ্রেণি), গ্রীণরোড সরকারি স্টাফ কোয়ার্টার**প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | ০৩ জন ১৩ গ্রেডের-১ জন ১৮ গ্রেডের-১ জন ১৯ গ্রেডের-১ জন | আবেদনকারী ০৩ জনের মধ্যে কেবলমাত্র ১৮তম গ্রেডভুক্ত আবেদনকারী পলাশ চন্দ্র সরকার, ডেসপাচ রাইডার, সরকারি যানবাহন অধিদপ্তর প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | জনাব পলাশ চন্দ্র সরকার, ডেসপাচ রাইডার, সরকারি যানবাহন অধিদপ্তর-এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ১৮. | ৬/জি (বি-শ্রেণি), গ্রীণরোড সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | ০৫ জন<br>১৩ গ্রেডের-২ জন<br>১৪ গ্রেডের-২ জন<br>১৫ গ্রেডের-১ জন | প্রাধিকার অনুসারে কোন আবেদন পাওয়া যায়নি। সরকারের রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে ৫টি আবেদনের মধ্যে উচ্চতর গ্রেড অর্থাৎ ১৩তম গ্রেডভুক্ত ২জন আবেদনকারীর মধ্যে যোগদানের তারিখ একই হওয়ায় জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠ পূর্ণিমা রানী, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর আবেদন বিবেচনার করার বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | পূর্ণিমা রানী, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, জনপ্রশাসন মন্ত্রণালয় -এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল |
| ১৯. | ৬/পি (বি-শ্রেণি), গ্রীণরোড সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | ১৪ জন<br>১১ গ্রেডের-১ জন<br>১৩ গ্রেডের-৪ জন<br>১৪ গ্রেডের-২ জন<br>১৬ গ্রেডের-১ জন<br>১৮ গ্রেডের-২ জন<br>১৯ গ্রেডের-২ জন<br>২০ গ্রেডের-২ জন | ১৪ জন আবেদনকারীর মধ্যে ১৬তম ও ১৮তম গ্রেডের ০৩ জন আবেদনকারী প্রাধিকারভুক্ত। কিন্তু তাদের অনুকূলে সরকারি বাসা বরাদ্দ থাকায় তাদের আবেদন না-মঞ্জুরের বিষয়ে সভায় মত ব্যক্ত করা হয়। অপর ১১ জন আবেদনকারী বাসাটির জন্য প্রাধিকারভুক্ত না হলেও সরকারের রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে তাদের মধ্যে উচ্চতর গ্রেড অর্থাৎ ১১তম গ্রেডভুক্ত জনাব সোহেল মাহমুদ, সাঁট মুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার অপারেটর, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর আবেদন বিবেচনার করার বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | জনাব সোহেল মাহমুদ, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ২০. | এফ/১৭৫ (বি-শ্রেণি), আগারগাঁও শেরেবাংলা নগর স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | বেগম তাহমিনা আক্তার অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা। | বেগম তাহমিনা আক্তার, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর-এর অনুকূলে ইতোপূর্বে বরাদ্দকৃত বাসাটির বরাদ্দ বাতিল করা হলে তিনি পুনঃবরাদ্দের আবেদন করেছেন। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর ও এর অধীনস্থ অফিসসমূহের কর্মচারিদের নিজস্ব আবাসন ব্যবস্থা থাকায় সরকারি আবাসন পরিদপ্তরের আদেশমূলে উক্ত প্রতিষ্ঠানটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটাভুক্ত বাসা প্রাপ্তির আওতাভুক্ত নয়। বিধায় আবেদন বিবেচনাযোগ্য নয়। এ পর্যায়ে বাসাটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুকূলে হস্তান্তর/দখল গ্রহণের বিষয়ে প্রশাসনিকভাবে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সদস্যগণ মতামত ব্যক্ত করেন। | বেগম তাহমিনা আক্তার অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর-এর আবেদন না-মঞ্জুরের সুপারিশ করা হ'ল। বাসাটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুকূলে হস্তান্তর/দখল গ্রহণের বিষয়ে জরুরি ভিত্তিতে প্রশাসনিকভাবে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। |

**৬.৩ প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত খালী এবং বরাদ্দযোগ্য ৬৩ টি বাসার মধ্যে ৩১টি বাসা বরাদ্দের জন্য প্রাপ্ত আবেদন:**

| ক্রম | আবেদনকৃত বাসার নম্বর, শ্রেণি ও এলাকা | আবেদনকারী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ |
|---|---|---|---|---|
| ২১. | এফ/১৮৬(বি-শ্রেণি), আগারগাঁও শেরেবাংলা নগর স্টাফ কোয়ার্টার<br>**প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | আরিফুল ইসলাম, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয়। (২০তম গ্রেডভুক্ত) | আবেদনকারী ০১ জন এবং তিনি ২০তম গ্রেডভুক্ত। বাসার প্রাধিকারের(গ্রেড ১৬, ১৭, ১৮) তুলনায় তিনি নিম্নগ্রেড সম্পন্ন। প্রাধিকারভুক্ত না হলেও রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে আবেদন বিবেচনার করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে বি-শ্রেণির বাসা প্রাপ্তির বেতন স্কেলের সর্বনিম্ন ধাপ বা সর্বনিম্ন মূল বেতন অনুয়ায়ী ভাড়া কর্তনের শর্তে বরাদ্দ প্রদান করা যায় মর্মে সুপারিশ করা হয়। | জনাব আরিফুল ইসলাম, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে আলোচনায় উল্লিখিত শর্তে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ২২. | এফ/২০৭ (বি-শ্রেণি),আগারগাঁও শেরেবাংলা নগর স্টাফ কোয়ার্টার<br>**প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | আব্দুল মালেক, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয়। ২০তম গ্রেডভুক্ত | আবেদনকারী ০১ জন এবং তিনি ২০তম গ্রেডভুক্ত। বাসার প্রাধিকারের(গ্রেড ১৬, ১৭, ১৮) তুলনায় তিনি নিম্নগ্রেড সম্পন্ন। প্রাধিকারভুক্ত না হলেও রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে আবেদন বিবেচনার করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে বি-শ্রেণির বাসা প্রাপ্তির বেতন স্কেলের সর্বনিম্ন ধাপ বা সর্বনিম্ন মূল বেতন অনুয়ায়ী ভাড়া কর্তনের শর্তে বরাদ্দ প্রদান করা যায় মর্মে সুপারিশ করা হয়। | জনাব আব্দুল মালেক, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর অনুকূলে আলোচনায় উল্লিখিত শর্তে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ২৩. | জি/৮৬ (বি-শ্রেণি), আগারগাঁও শেরেবাংলা নগর স্টাফ কোয়ার্টার<br>**প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | ০২ জন<br>১৭ গ্রেডের-১ জন<br>২০ গ্রেডের-১ জন | আবেদনকারী ০২ জনের মধ্যে কেবলমাত্র ১৭তম গ্রেডভুক্ত আবেদনকারী জনাব মোঃ শফিকুল ইসলাম, ডেসপাচ রাইডার, সরকারি যানবাহন অধিদপ্তর বাসাটির প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | জনাব মোঃ শফিকুল ইসলাম, ডেসপাচ রাইডার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ২৪. | ০১/কে (বি-শ্রেণি), রায়ের বাজার সরকারি স্টাফ কোয়ার্টার<br>**প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | ০২ জন<br>১৬ গ্রেডের-১ জন<br>২০ গ্রেডের-১ জন | আবেদনকারী ০২ জনের মধ্যে কেবলমাত্র ১৬তম গ্রেডভুক্ত আবেদনকারী জনাব মোঃ শাকিরুল ইসলাম, ডাটা এন্ট্রিকন্ট্রোল অপারেটর/, জনপ্রশাসন মন্ত্রণালয় বাসাটির প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | জনাব মোঃ শাকিরুল ইসলাম, ডাটা এন্ট্রিকন্ট্রোল অপারেটর/, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ২৫. | ০৩/এম (বি-শ্রেণি), রায়ের বাজার সরকারি স্টাফ কোয়ার্টার, ঢাকা<br>**প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | ০১ জন<br>আরিফুর রহমান অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয় ২০তম গ্রেডভুক্ত | আবেদনকারী ০১ জন এবং তিনি ২০তম গ্রেডভুক্ত। বাসার প্রাধিকারের (গ্রেড-১৬, ১৭, ১৮) তুলনায় তিনি নিম্নগ্রেড সম্পন্ন। প্রাধিকারভুক্ত না হলেও রাজস্ব আদায় ও দখলে রেখে সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে আবেদন বিবেচনার করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে বি-শ্রেণির বাসা প্রাপ্তির বেতন স্কেলের সর্বনিম্ন ধাপ বা সর্বনিম্ন মূল বেতন অনুয়ায়ী ভাড়া কর্তনের শর্তে বরাদ্দ প্রদান করা যায় মর্মে সুপারিশ করা হয়। | জনাব আরিফুর রহমান অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ২৬. | ৮/২৭ (এ-শ্রেণি), খিলগাঁও সরকারি স্টাফ কোয়ার্টার<br>**প্রাধিকার: গ্রেড ১৮, ১৯, ২০** | ০৪ জন<br>৪ জনই ২০তম গ্রেডভুক্ত | ২০তম গ্রেডভুক্ত ০৪ জন আবেদনকারীই বাসাটির জন্য প্রাধিকারভুক্ত। উক্ত ০৪ জন আবেদনকারীর যোগদানের তারিখ একই (২২/০৩/২০২০) বিধায় তাদের মধ্যে জন্ম তারিখের ভিত্তিতে বয়সে জ্যেষ্ঠ মোঃ ইমরুল ইসলাম, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর অনুকূলে উক্ত বাসাটি বরাদ্দ প্রদানের বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | জনাব মোঃ ইমরুল ইসলাম, অফিস সহায়ক, প্রশাসন-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ২৭. | ১৩/১১ (এ-শ্রেণি), খিলগাঁও সরকারি স্টাফ কোয়ার্টার<br>**প্রাধিকার: গ্রেড ১৮, ১৯, ২০** | ০৪ জন<br>১৫ গ্রেডের-০১ জন<br>২০ গ্রেডের-০৩ জন | ০৪ জন আবেদনকারীর মধ্যে ২০তম গ্রেডভুক্ত ৩জন বাসাটির জন্য প্রাধিকারভুক্ত। উক্ত ০৩ জনের মধ্যে জ্যেষ্ঠতা অনুযায়ী সর্বজ্যেষ্ঠ মোঃ আঃ হান্নান, অফিস সহায়ক, পরিকল্পনা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে উক্ত বাসাটি বরাদ্দ প্রদানের বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | জনাব মোঃ আঃ হান্নান, অফিস সহায়ক, পরিকল্পনা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |

**৬.৩ প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত খালী এবং বরাদ্দযোগ্য ৬৩ টি বাসার মধ্যে ৩১টি বাসা বরাদ্দের জন্য প্রাপ্ত আবেদন:**

| ক্রম | আবেদনকৃত বাসার নম্বর, শ্রেণি ও এলাকা | **আবেদনকারী** | আলোচনা | **সিদ্ধান্ত/সুপারিশ** |
|---|---|---|---|---|
| ২৮. | ০৭/৩২ (এ-শ্রেণি), খিলগাঁও সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৮, ১৯, ২০** | ০২ জন<br>উভয়ই ২০তম গ্রেডভুক্ত | ২০তম গ্রেডভুক্ত ০২ জন আবেদনকারীই বাসাটির জন্য প্রাধিকারভুক্ত। উক্ত ০২ জন আবেদনকারীর মধ্যে জ্যেষ্ঠতা অনুযায়ী সর্বজ্যেষ্ঠ জনাব মোঃ আকুল উদ্দিন, অফিস সহায়ক, প্রশাসন-৫ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | মোঃ আকুল উদ্দিন, অফিস সহায়ক, প্রশাসন-৫ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ২৯. | ১০২/৪ (বি-শ্রেণি), মতিঝিল এজিবি কলোনী সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | ০৯ জন<br>১৩ গ্রেডের-২ জন<br>১৪ গ্রেডের-২ জন<br>১৬ গ্রেডের-২ জন<br>১৮ গ্রেডের-১ জন<br>২০ গ্রেডের-২ জন | ০৯ জন আবেদনকারীর মধ্যে ১৬তম ও ১৮তম গ্রেডের ০৩ জন আবেদনকারী বাসাটির জন্য প্রাধিকারভুক্ত। তন্মধ্যে সরকারি যানবাহন অধিদপ্তরের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (১৬ গ্রেডভুক্ত) মোছা: শারমিন আক্তার ইতোমধ্যে সরকারি বাসা পেয়েছেন এবং তার বাসা বরাদ্দ প্রয়োজন নেই মর্মে সরকারি যানবাহন অধিদপ্তরের প্রতিনিধি সভায় অবহিত করেন।<br>১৬তম গ্রেডভুক্ত জনাব মোঃ আলা উদ্দিন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জনপ্রশাসন মন্ত্রণালয় জ্যেষ্ঠ হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য এবং তার অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | জনাব মোঃ আলা উদ্দিন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জনপ্রশাসন মন্ত্রণালয় -এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ৩০. | বি-৯/জি-১৩ (বি-শ্রেণি) মতিঝিল এজিবি কলোনী সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১৬, ১৭, ১৮** | ০৩ জন<br>১৮ গ্রেডের-১ জন<br>১৯ গ্রেডের-১ জন<br>২০ গ্রেডের-১ জন | আবেদনকারী ০৩ জনের মধ্যে কেবলমাত্র ১৮তম গ্রেডভুক্ত আবেদনকারী জনাব মোঃ আব্দুল হালিম মিঞা, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয় বাসাটির প্রাধিকারভুক্ত হওয়ায় বিধি মোতাবেক তার বরাদ্দ প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য। | জনাব মোঃ আব্দুল হালিম মিঞা, অফিস সহায়ক, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |
| ৩১. | বি-১১৩/সি-৯ মতিঝিল (এজিবি কলোনী), সরকারি স্টাফ কোয়ার্টার **প্রাধিকার: গ্রেড ১২, ১৩, ১৪** | ০৯ জন<br>১১ গ্রেডের-১ জন<br>১৩ গ্রেডের-৩ জন<br>১৪ গ্রেডের-১ জন<br>১৫ গ্রেডের-২ জন<br>১৬ গ্রেডের-২ জন | ০৯ জন আবেদনকারীর মধ্যে ১৩তম গ্রেডের ০৩ জন ও ১৪তম গ্রেডের ০১ জন আবেদনকারী বাসাটির জন্য প্রাধিকারভুক্ত। উক্ত ৪ জন আবেদনকারীর মধ্যে জ্যেষ্ঠ কাউছার মিয়া, কম্পিউটার অপারেটর, জনপ্রশাসন মন্ত্রণালয় -এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন। | জনাব কাউছার মিয়া, কম্পিউটার অপারেটর, জনপ্রশাসন মন্ত্রণালয় -এর অনুকূলে বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হ'ল। |

৬.৪ প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত খালী/বরাদ্দযোগ্য ৬৩টি বাসার মধ্যে উপরোক্ত ৩১টি বাসার বিষয়ে সুপারিশের পর অবশিষ্ট ৩২টি খালী বাসার বিভাজন নিম্নরূপ:

| ক্রম | বাসার শ্রেণি ও প্রাধিকার | অবস্থান ও কোয়ার্টার | | খালী বাসার সংখ্যা | মোট খালী বাসার সংখ্যা | আবেদন সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১. | এ-শ্রেণি (গ্রেড- ১৮, ১৯ ও ২০) | মিরপুর | পাইকপাড়া সরকারি স্টাফ কোয়ার্টার | ০৫ | ১৫ | গ্রেড-১৯ ও ২০:- ১৮টি<br>গ্রেড-১৮:- ০৫টি<br>গ্রেড-১৭:-আবেদন নেই<br>গ্রেড-১৬:- ০৪টি<br>গ্রেড- ১৫:- ০৪টি<br>গ্রেড- ১৪:-০৬টি<br>গ্রেড- ১৩:১১টি<br>গ্রেড-১২:-আবেদন নেই<br>গ্রেড-১১:- ০১ টি<br>মোট আবেদন-৪৯টি |
| | | | ওয়াক-আপ কলোনী | ০৯ | | |
| ২. | | | আজিমপুর | ০১ | | |
| ৩. | বি-শ্রেণি (গ্রেড- ১৬, ১৭ ও ১৮) | মিরপুর | ওয়াক-আপ কলোনী | ০৫ | ১৩ | |
| | | আগারগাঁও | শেরেবাংলা নগর স্টাফ কোয়ার্টার | ০২ | | |
| | | ঝিগাতলা | ঝিগাতলা সরকারি স্টাফ কোয়ার্টার | ০৩ | | |
| | | রায়েরবাজার | রায়েরবাজার সরকারি স্টাফ কোয়ার্টার | ০৩ | | |
| ৪. | সি-২ শ্রেণি (গ্রেড- ১৪, ১৫ ও ১৬) | আগারগাঁও | শতদল কমপ্লেক্স | ০৩ | ০৪ | |
| | | | হিন্দোল কমপ্লেক্স | ০১ | | |
| ৫. | সি-১ শ্রেণি (গ্রেড- ১২, ১৩ ও ১৪) | মতিঝিল ও খিলগাঁও অঞ্চলে খালী/বরাদ্দযোগ্য কোন বাসা নেই | | | | |

উপরোক্ত ছকে উল্লিখিত খালী/বরাদ্দযোগ্য ৩২টি বাসার বিষয়ে বিষয়ে করণীয় সম্পর্কে আলোচনাকালে নিম্নরূপ পদ্ধতিতে নিষ্পত্তিযোগ্য মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়:

৬.৪.১ বিজ্ঞপ্তিতে প্রদত্ত বাসা নম্বর উল্লেখ ব্যতিত আবেদনকারীদের অনুকূলে প্রথমে বরাদ্দ প্রদানের সুপারিশ প্রদান। বিজ্ঞপ্তিতে প্রদত্ত বাসা নম্বর উল্লেখ ব্যতিত ৫ জন কর্মচারি বাসা প্রাপ্তির জন্য আবেদন করেছেন। তম্মধ্যে ৩ জন মতিঝিল, আজিমপুর বা খিলগাঁও অঞ্চলে বাসা বরাদ্দের জন্য অনুরোধ করেছেন। উপরের ৬.৩ অনুচ্ছেদে বর্ণিত ৩১টি বাসার বিষয়ে সুপারিশের পর মতিঝিল, আজিমপুর বা খিলগাঁও অঞ্চলে আর কোন বাসা খালী/বরাদ্দযোগ্য বাসা না থাকায় উক্ত ৩জনের আবেদন বিবেচনা করার সুযোগ নেই। অপর ২ জনের আবেদনের বিষয়ে আলোচনা ও সুপারিশ নিম্নরূপ:

| ক্রম | আবেদনকারী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ |
|---|---|---|---|
| ১. | আবু সাঈদ আহমেদ নিরাপত্তা প্রহরী, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা | জনাব আবু সাঈদ আহমেদ, নিরাপত্তা প্রহরী, সরকারি যানবাহন অধিদপ্তর ২০ গ্রেডভুক্ত কর্মচারী। তিনি এ-শ্রেণির (গ্রেড ১৮, ১৯ ও ২০) বাসার প্রাধিকারভুক্ত। তিনি বিজ্ঞপ্তিতে প্রদত্ত বাসা নম্বর উল্লেখ ব্যতিত মিরপুর আনসার ক্যাম্প সরকারি কলোনী-তে যে কোন একটি বাসা প্রাপ্তির আবেদন করেছেন। উক্ত কলোনীতে বাসা খালী নেই, তবে মিরপুর পাইকপাড়া সরকারি স্টাফ কোয়ার্টারে বাসা আছে। খালী বাসার ক্রমানুযায়ী ১ম খালী বাসটি তার অনুকূলে বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | আবু সাঈদ আহমেদ, নিরাপত্তা প্রহরী, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে মিরপুর পাইকপাড়া সরকারি স্টাফ কোয়ার্টারের ১৮/১২ (এ-শ্রেণি) নম্বর বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হল। |
| ২. | মোঃ সাদ্দাম হোসেন ডেসপাচ রাইডার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা। | জনাব মোঃ সাদ্দাম হোসেন, ডেসপাচ রাইডার, সরকারি যানবাহন অধিদপ্তর ১৮ গ্রেডভুক্ত। তিনি উভয় শ্রেণির [এ-শ্রেণির (গ্রেড ১৮, ১৯ ও ২০) ও বি-শ্রেণির (গ্রেড ১৬, ১৭ ও ১৮)] বাসার প্রাধিকারভুক্ত। তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটাভুক্ত যে কোন অঞ্চলের যে কোন শ্রেণির বাসার জন্য আবেদন করেছেন। মিরপুর পাইকপাড়া (ওয়াক-আপ কলোনী) সরকারি স্টাফ কোয়ার্টারে বি-শ্রেণির খালী বাসার ক্রমানুযায়ী ১ম খালী বাসটি তার অনুকূলে বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | মোঃ সাদ্দাম হোসেন, ডেসপাচ রাইডার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে মিরপুর পাইকপাড়া (ওয়াক-আপ কলোনী) সরকারি স্টাফ কোয়ার্টারের ৩২ ১১/(বি-শ্রেণি) নম্বর বাসাটি বরাদ্দ প্রদানের সুপারিশ করা হল। |

৬.৪.২ খালী/বরাদ্দযোগ্য ৩২টি বাসার মধ্যে ৬.৪.১ অনুচ্ছেদে ২টি বাসা বরাদ্দের সুপারিশের পর ৩০টি বাসা (এ-শ্রেণির-১৪টি, বি-শ্রেণির ১২টি এবং সি-২ শ্রেণির-০৪টি) খালী থাকে। ৬.৩ অনুচ্ছেদে ৩১টি বাসার জন্য মোট আবেদনকারী ছিল মোট ৮০ জন। অর্থাৎ চাহিদাকৃত নির্দিষ্ট বাসার সুপারিশপ্রাপ্ত নন এরূপ আবেদনকারীর সংখ্যা (৮০-৩১)=৪৯জন। তম্মধ্যে এ শ্রেণি (গ্রেড- ১৮, ১৯ ও ২০), বি শ্রেণি (গ্রেড- ১৬, ১৭ ও ১৮) ও সি-২ শ্রেণির (গ্রেড- ১৪, ১৫ ও ১৬) প্রাধিকারপ্রাপ্ত ৩৭ জন আবেদনকারীর মধ্যে ১০ জন আবেদনকারী বর্তমানে সরকারি বাসায় বসবাস করছেন, বিধায় উক্ত ১০ জন ব্যতিত অপর ২৭ জন আবেদনকারীর অনুকূলে ২৭টি বাসা শ্রেণীভিত্তিক প্রাধিকার এবং চাকরিকাল হিসাবে জ্যেষ্ঠতা অনুযায়ী নিম্নরূপভাবে বরাদ্দ প্রদানের এবং অবশিষ্ট ৩টি বাসা ১৩ গ্রেডের ৩জন মহিলা কর্মচারির অনুকূলে বরাদ্দ প্রদানের সুপারিশ করা হয়:

**(ক) এ-শ্রেণি (প্রাধিকার-গ্রেড ১৮, ১৯ ও ২০)-এর খালী/বরাদ্দযোগ্য বাসার সংখ্যা ১৪টি:**

| ক্রম | নাম | পদবি | গ্রেড | আবেদনকৃত বাসার শ্রেণি | চাকরিতে যোগদানের তারিখ | জন্ম তারিখ | সুপারিশ/মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | বেলাল হোসেন | নিরাপত্তা প্রহরী | ১৯ | বি-শ্রেণি | ২১/০৪/২০০৮ | ২১/০৮/১৯৮৩ | ১৮/১৮, মিরপুর |
| ২. | মোঃ জামির হোসেন | গার্ড | ১৯ | বি-শ্রেণি | ২১/০৪/২০০৮ | ২২/০৯/১৯৮৫ | ১৯/১২, মিরপুর |
| ৩. | মুহাম্মদ মনিরুজ্জামান | অফিস সহায়ক | ১৯ | বি-শ্রেণি | ১১/০৫/২০০৮ | ২০/০২/১৯৯১ | সরকারি বাসায় বসবাস করছেন |
| ৪. | সুমন সেন | ক্লিনার | ১৯ | বি-শ্রেণি | ১৮/০৪/২০১০ | ০৪/০৫/১৯৯১ | ২০/৭, মিরপুর |
| ৫. | মোঃ রিয়াজুল ইসলাম | অফিস সহায়ক | ২০ | বি-শ্রেণি | ০১/০৬/২০১৫ | ১০/১১/১৯৯১ | সরকারি বাসায় বসবাস করছেন |
| ৬. | মোঃ বেলাল হোসাইন | অফিস সহায়ক | ২০ | বি-শ্রেণি | ৩১/০৫/২০১৭ | ০১/১০/১৯৯৭ | সরকারি বাসায় বসবাস করছেন |
| ৭. | মোঃ আবদুল হান্নান | অফিস সহায়ক | ২০ | বি-শ্রেণি | ১১/০৬/২০১৭ | ০৪/০৮/১৯৮৭ | সরকারি বাসায় বসবাস করছেন |
| ৮. | মোঃ মোবারক হোসেন | অফিস সহায়ক | ২০ | বি-শ্রেণি | ১১/০৬/২০১৭ | ১০/১২/১৯৮৯ | ২২/১৯, মিরপুর |
| ৯. | শাহাদাত হোসেন | অফিস সহায়ক | ২০ | বি- শ্রেণি | ২২/০৩/২০২০ | ২১/০৪/১৯৮৯ | ৭৪/০৩,মিরপুর |
| ১০. | শহিদুল ইসলাম | অফিস সহায়ক | ২০ | এ- শ্রেণি | ২২/০৩/২০২০ | ১৫/০৫/১৯৮৯ | ৭৪/০৫,মিরপুর |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১১. | মোঃ রাজু আহমেদ | অফিস সহায়ক | ২০ | এ- শ্রেণি | ২২/০৩/২০২০ | ৩১/১২/১৯৮৯ | ৭৪/০৭, মিরপুর |
| ১২. | সৈয়দ সাব্বির হোসেন | অফিস সহায়ক | ২০ | বি-শ্রেণি | ২২/০৩/২০২০ | ০৪/০৪/১৯৯০ | ৭৫/০৭, মিরপুর |
| ১৩. | মোঃ রওশন হাবীব | অফিস সহায়ক | ২০ | এ- শ্রেণি | ২২/০৩/২০২০ | ১৪/১০/১৯৯০ | ৭৫/০৮, মিরপুর |
| ১৪. | মোঃ আব্দুর রাজ্জাক(সি.আর) | অফিস সহায়ক | ২০ | সি-২ শ্রেণি | ২২/০৩/২০২০ | ২৫/১২/১৯৯১ | ৭৯/০২, মিরপুর |
| ১৫. | মোঃ বেলাল হোসেন মন্ডল | অফিস সহায়ক | ২০ | সি-২ শ্রেণি | ২২/০৩/২০২০ | ০৫/০৩/১৯৯৫ | ৮০/০৪, মিরপুর |
| ১৬. | সৈয়দ আলী | অফিস সহায়ক | ২০ | এ- শ্রেণি | ২২/০৩/২০২০ | ০৭/১১/১৯৯৬ | ৮০/০৫, মিরপুর |
| ১৭. | মোঃ রাশিদুল ইসলাম রাব্বী | অফিস সহায়ক | ২০ | এ- শ্রেণি | ২২/০৩/২০২০ | ০১/০১/১৯৯৯ | ৮৪/১০,মিরপুর |
| ১৮. | মোঃ সাগর হোসেন | অফিস সহায়ক | ২০ | সি-২ শ্রেণি | ২২/০৩/২০২০ | ০১/০৬/১৯৯৯ | ৩৮/০১, মিরপুর |

(খ) উভয় শ্রেণির [এ-শ্রেণির (গ্রেড ১৮, ১৯ ও ২০) এবং বি-শ্রেণি (গ্রেড ১৬, ১৭ ও ১৮)] প্রাধিকারভুক্ত আবেদনকারী ০৫ জন। প্রাধিকার ও জ্যেষ্ঠ অনুযায়ী এ-শ্রেণির খালী ১৩টি বাসা উপরের (ক) ক্রমিকে সুপারিশ করা হয়েছে। এ-শ্রেণির আর খালী বাসা নেই। বি-শ্রেণির খালী বাসা ১২টি। নিম্নলিখিত ৯ জনের মধ্যে ৬ জনের অনুকূলে খালী বাসার ক্রমানুযায়ী ৬টি বাসা বরাদ্দের সুপারিশ করা হয়:

| ক্রম | নাম | পদবি | গ্রেড | আবেদনকৃত বাসার শ্রেণি | চাকরিতে যোগদানের তারিখ | জন্মতারিখ | সুপারিশ/মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | জাকিয়া সুলতানা | মেডি.টেকনোলজিস্ট | ১৮ | সি-২ শ্রেণি | ২৭/০৩/২০০১ | ২০/১০/১৯৭৫ | ৩৮/০২,মিরপুর |
| ২. | মোঃ মোশাররফ হোসেন | দপ্তরী | ১৮ | বি-শ্রেণি | ০৮/০৫/২০১৫ | ০২/০২/১৯৮৬ | সরকারি বাসায় বসবাস করছেন |
| ৩. | তৌফিকুল ইসলাম | ডেসপাচ রাইডার | ১৮ | বি-শ্রেণি | ১৫/০৬/২০১৭ | ১০/১১/১৯৮৮ | সরকারি বাসায় বসবাস করছেন |
| ৪. | আব্দুস সালাম | ডেসপাচ রাইডার | ১৮ | সি-২ শ্রেণি | ১৯/০৬/২০২০ | ০১/০১/১৯৯৬ | ৩৮/১১, মিরপুর |
| ৫. | পলাশ চন্দ্র সরকার | ডেসপাচ রাইডার | ১৮ | বি-শ্রেণি | ১৯/০৬/২০২২ | ০১/০৮/১৯৮৩ | ৪০/০৬, মিরপুর |
| ৬. | মনোরঞ্জন সান্যাল | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬ | সি-১ শ্রেণি | ১৯/১০/২০০৫ | ২১/০৫/১৯৭৬ | ৫১/০৩, মিরপুর |
| ৭. | মোহাম্মদ বিল্লাল হোসেন | হিসাব সহকারী | ১৬ | বি-শ্রেণি | ১৫/০৬/২০১৭ | ২১/০৮/১৯৮৩ | সরকারি বাসায় বসবাস করছেন |
| ৮. | মোঃ আলা উদ্দিন | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬ | বি-শ্রেণি | ২২/০৩/২০২০ | ১২/০৪/১৯৯৮ | জি/১১৫,আগারগাঁও |
| ৯. | রুহুল আমীন | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬ | সি-১ শ্রেণি | ২২/০৩/২০২০ | ১০/১০/১৯৯৮ | এফ/১৭৫,আগারগাঁও |

**(গ) বি-শ্রেণির ৩টি এবং সি-২- (প্রাধিকার-গ্রেড ১৪, ১৫ ও ১৬) শ্রেণির ৪টি সহ মোট খালী/বরাদ্দযোগ্য বাসার সংখ্যা ০৭টি।**

| ক্রম | নাম | পদবি | গ্রেড | আবেদনকৃত বাসার শ্রেণি | চাকরিতে যোগদানের তারিখ | জন্মতারিখ | সুপারিশ/মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | মো: জসিম উদ্দিন | গাড়িচালক | ১৪ | বি-শ্রেণি | ১৯/০২/২০০৯ | ০২/০৭/১৯৭৯ | **সরকারি বাসায় বসবাস করছেন** |
| ২. | বেগম সানজিনা ফরোজ | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ১৩ | বি-শ্রেণি | ২২/০৩/২০২০ | ১৫-১০-১৯৯৩ | ০৪/ই, ঝিগাতলা |
| ৩. | মোঃ মিজানূর রহমান সরকার | গাড়িচালক | ১৪ | বি-শ্রেণি | ১৩/০৪/২০১০ | ০১/০৫/১৯৮২ | ০৪/কে, ঝিগাতলা |
| ৪. | মোঃ মুরাদুজ্জামান | গাড়িচালক | ১৪ | বি-শ্রেণি | ১৮/০৪/২০১০ | ১২/০৯/১৯৮২ | ০২/কে, ঝিগাতলা |
| ৫. | মোঃ ওমর ফারুক (৪) | গাড়িচালক | ১৪ | বি-শ্রেণি | ১৮/০৪/২০১০ | ২৫/০২/১৯৮৩ | ০১/এইচ, রায়ের বাজার |
| ৬. | মোঃ আরিফুর রহমান | গাড়িচালক | ১৪ | বি-শ্রেণি | ১৮/০৪/২০১০ | ২০/০৩/১৯৮৭ | **সরকারি বাসায় বসবাস করছেন** |
| ৭. | আনারুল খান | গাড়িচালক | ১৫ | সি-১ শ্রেণি | ১৫/০৪/২০১৭ | ১১/০৬/১৯৮৫ | ০৪/এফ, রায়েরবাজার |
| ৮. | মো: খসরুল শিকদার | গাড়িচালক | ১৫ | এ-শ্রেণি | ১৫/০৬/২০১৭ | ৩১/১২/১৯৮৪ | ০৪/ও, রায়েরবাজার |
| ৯. | মোঃ রিপন মিয়া | গাড়িচালক | ১৫ | বি-শ্রেণি | ১৫/০৬/২০১৭ | ০২/০২/১৯৮৮ | খ/৫০২, শতদল, আগারগাঁও তালতলা |

| ক্রম | নাম | পদবি | গ্রেড | আবেদনকৃত বাসার শ্রেণি | চাকরিতে যোগদানের তারিখ | জন্মতারিখ | সুপারিশ/মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১০. | মোঃ লোকমান হাকিম | গাড়িচালক | ১৫ | সি-১ শ্রেণি | ১৫/০৬/২০১৭ | ০৭/১১/১৯৮৬ | **সরকারি বাসায় বসবাস করছেন** |

**(ঘ) অবশিষ্ট ৩টি বাসা জ্যেষ্ঠতা অনুযায়ী নিম্নলিখিত ৩ জন আবেদনকারীর অনুকূলে বরাদ্দের সুপারিশ করা হয়:**

| ক্রম | নাম | পদবি | গ্রেড | আবেদনকৃত বাসার শ্রেণি | চাকরিতে যোগদানের তারিখ | জন্মতারিখ | সুপারিশ/মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | কনিকা বেগম | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ১৩ | বি-শ্রেণি | ২২/০৩/২০২০ | ০৫/০৪/১৯৯২ | খ/৬০৫, শতদল, আগারগাঁও তালতলা |
| ২. | লুবনা ইয়াসমিন | কম্পিউটার অপারেটর | ১৩ | বি-শ্রেণি | ২২/০৩/২০২০ | ৩০/১২/১৯৯৪ | গ/৬০২, শতদল, আগারগাঁও তালতলা |
| ৩. | রহিমা খানম | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ১৩ | বি-শ্রেণি | ২২/০৩/২০২০ | ২২/১২/১৯৯৪ | ২৮/বি, আজিমপুর সরকারি স্টাফ কোয়ার্টার |

৭। **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৭.১ উপরি-উক্ত অনুচ্ছেদ-৬.১ থেকে ৬.৪ পর্যন্ত ছকের উল্লিখিত কমিটির সুপারিশ অনুযায়ী বাসা বরাদ্দ বাতিল ও বরাদ্দের মেয়াদ বৃদ্ধি এবং বাসা বরাদ্দ প্রাপ্তি সংক্রান্ত আবেদনসমূহ নিষ্পত্তি করা হল;

৭.২ প্রাপ্যতা অনুসারে বাসা বরাদ্দের আবেদন না পাওয়া গেলে যদি নিম্ন গ্রেডের কোন কর্মচারী উচ্চ গ্রেডের বাসার জন্য আবেদন করে তবে তাকে উচ্চতর গ্রেডের সর্বনিম্ন ধাপের বেতন স্কেলে বা সর্বনিম্ন মূল-বেতন হিসাবে ভাড়া কর্তনের শর্তে বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়;

৭.৩ বাসা বরাদ্দ কমিটির যে কোন সদস্য অথবা পূর্ণাঙ্গ কমিটি অথবা মন্ত্রণালয় হতে গঠিত যে কোন উপকমিটি যে কোন সময়ে বরাদ্দকৃত বাসাসমূহ দর্শন অথবা পরিদর্শন করতে পারবে। উক্ত দর্শন অথবা পরিদর্শনান্তে অথবা প্রাপ্ত যে কোন ধরণের অভিযোগ সরেজমিনে তদন্ত করে যদি বর্তমানে বরাদ্দ প্রাপ্তদের বিরুদ্ধে শর্ত ভঙ্গের প্রমাণ পাওয়া যায় তবে তাদের বরাদ্দ বাতিল করে নতুনভাবে বরাদ্দ প্রদানের বিষয়ে প্রশাসনিকভাবে জরুরি ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা হবে;

৭.৪ বরাদ্দ প্রাপক নিজে বসবাস না করে সম্পূর্ণ বাসা সাবলেট/ভাড়া দিয়ে রাখলে তাদের বিদ্যুৎ, পানি এবং গ্যাসের সংযোগ তাৎক্ষণিক বিচ্ছিন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ-কে অবহিত করতে হবে;

৭.৫ জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটাভুক্ত বাসার জন্য প্রাধিকারভুক্ত নয় এরূপ কর্মচারির আবেদন, বিজ্ঞপ্তি বহির্ভূত বাসা বরাদ্দের আবেদন বিবেচনাযোগ্য হবে না। উপরন্তু প্রাধিকারভুক্ত নয় এরূপ কোন কর্মচারী জনপ্রশাসন মন্ত্রণালয়ের কোটাভুক্ত বাসায় বসবাস করলে অতিসত্বর বাসাটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় হস্তান্তরের জন্য তাকে নোটিশ প্রদান করতে হবে;

৭.৬ বাসা বরাদ্দের মেয়াদ শেষ হলে যথাযথ সময়ে বাসা হস্তান্তর না করলে অতিরিক্ত বসবাসকৃত সময়ের জন্য স্ট্যান্ডার্ড রেটে ভাড়া কর্তন করা হবে;

৭.৭ অনুচ্ছেদ ৬.৪ এ স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দকৃত বাসাসমূহের মধ্যে কোন বাসা পুরাতন, জরাজীর্ণ, ভঙ্গুর বা বসবাসের অনুপোযোগী হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে তা যথাযথভাবে মেরামত/সংস্কার বা বসবাস উপযোগীর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৭.৮ অনুচ্ছেদ ৬.৪ এ স্বয়ংক্রিয়ভাবে বাসা বরাদ্দপ্রাপ্ত কোন কর্মচারি উক্ত বাসা গ্রহনে ইচ্ছুক না হলে আদেশ জারির ১০(দশ) কার্যদিবসের মধ্যে জনপ্রশাসন অনুবিভাগ বরাবর লিখিতভাবে অবহিত করতে হবে; এবং

৭.৯ কোন কর্মচারি পি.আর.এল বা স্বেচ্ছায় অবসরে গমণের তারিখের পূর্বের ৬(ছয়) মাসের মধ্যে পারস্পারিক বদলি কিংবা নতুন বরাদ্দের আবেদন করতে পারবেন না।

৮. অবশেষে সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মিজানূর রহমান
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৫)
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
সদস্য, বাসা বরাদ্দ কমিটি

মুহাম্মদ নজরুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (উপসচিব)
সরকারি আবাসন পরিদপ্তর, ঢাকা
ও
সদস্য, বাসা বরাদ্দ কমিটি

মোঃ আবদুর রউফ মিয়া
যুগ্মসচিব
সচিবালয় ও কল্যাণ অধিশাখা
ও
সদস্য, বাসা বরাদ্দ কমিটি

শেখ মোমেনা মনি
যুগ্মসচিব, সংগঠন ও ব্যবস্থাপনা-২
অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
সদস্য, বাসা বরাদ্দ কমিটি

সায়লা ফারজানা
যুগ্মসচিব
মাঠ প্রশাসন/অভ্যন্তরীণ নিয়োগ ও নব
নিয়োগ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
সদস্য, বাসা বরাদ্দ কমিটি

আহমেদ [illegible] ইমাম
পরিচালক (নৌ), যুগ্মসচিব
সরকারি যানবাহন অধিদপ্তর
ও
সদস্য, বাসা বরাদ্দ কমিটি

মোঃ মাসুদুল হাসান
যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা অধিশাখা)
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
সদস্য, বাসা বরাদ্দ কমিটি

মোঃ নবীরুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
সভাপতি, বাসা বরাদ্দ কমিটি